



# বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় Bangladesh Open University

প্রশাসন বিভাগ, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫, ফোন: ৯২৯১১১২, ফ্যাক্স: ৯২৯১১৩০

বাউবি/প্রশা(সাধা)/ছুটি-১(১)/৯৫/পাট-০১/২২৪৭

তারিখ: ২৪/০৫/২০১৭

## পরিপত্র

গ্রীষ্মকালীন ছুটি উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয় আগামী ২৮/০৫/২০১৭ তারিখ রবিবার হতে ০১/০৬/২০১৭ তারিখ বৃহস্পতিবার পর্যন্ত এবং আঞ্চলিক কেন্দ্র ও উপ আঞ্চলিক কেন্দ্রের অফিসসমূহ ২৯/০৫/২০১৭ তারিখ সোমবার হতে ০২/০৬/২০১৭ তারিখ শুক্রবার পর্যন্ত ছুটি থাকবে। তবে উক্ত ছুটি ভোগের ক্ষেত্রে বাউবি/প্রশা(সাধা)/ছুটি-১(১)/৯৫/পাট-০১/১৫৬৯; তারিখ-১৩/০৪/২০১৭ সংখ্যক প্রজ্ঞাপনের আলোকে যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী গ্রীষ্মকালীন ছুটি ভোগের আবেদন করেছেন তাদের জন্য প্রয়োজ্য হবে। উক্ত ছুটিকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত আনসার, নিরাপত্তা প্রহরী এবং জরুরী কাজে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীগণ তাঁদের উপর অর্পিত স্ব-স্ব দায়িত্ব পালন করবেন।

২. বিশ্ববিদ্যালয় ছুটিকালীন সময়ে বিশ্ববিদ্যালয়ের কাজের স্বার্থে সরকারী অফিস খোলা থাকার দিনগুলোতে সংশ্লিষ্ট স্কুল, বিভাগ, আঞ্চলিক কেন্দ্র ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহ প্রয়োজনে রোস্টার ডিউটির ব্যবস্থা করবে (প্রয়োজ্য ক্ষেত্রে)। রোস্টার ডিউটি পালনকারীগণ বিশ্ববিদ্যালয় খোলার পরবর্তী দিন থেকে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে উক্ত ছুটি (বিশ্ববিদ্যালয় ছুটির সমপরিমাণ দিন) এক নাগাড়ে ভোগ করতে পারবেন এবং নিরাপত্তা প্রহরীগণ নিরাপত্তা বিঘ্নিত না করে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমোদনের ভিত্তিতে পর্যায়ক্রমে উক্ত ছুটি ভোগ করতে পারবেন। ছুটি ভোগকারীদের তালিকা বিশ্ববিদ্যালয় খোলার পরবর্তী সপ্তাহের মধ্যে অবশ্যই প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে। ছুটিকালীন সময় কাজ করার জন্য ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণকে ছুটি ভোগের পরিবর্তে বিধি মোতাবেক অধিকাল ভাতা প্রদান করা যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

(অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ উইসী)  
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

বাউবি/প্রশা(সাধা)/ছুটি-১(১)/৯৫/পাট-০১/

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

তারিখ: ২৪/০৫/২০১৭

১. ডীন (সকল), ... .. স্কুল, বাউবি। সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত ছুটি ভোগের হিসাব সংরক্ষণসহ বিষয়টি সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
২. পরিচালক/বিভাগীয় প্রধান (সকল), ... .. বিভাগ, বাউবি। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত ছুটি ভোগের হিসাব সংরক্ষণসহ বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত ছুটি ভোগের হিসাব সংরক্ষণসহ বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অবহিতকরণ এবং বাউবির ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।
৪. আঞ্চলিক পরিচালক (সকল), ... .. আঞ্চলিক কেন্দ্র, বাউবি। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত ছুটি ভোগের হিসাব সংরক্ষণসহ বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৫. যুগ্ম-পরিচালক, এসএসএস বিভাগ ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত ছুটি ভোগের হিসাব সংরক্ষণসহ বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৬. শাখা প্রধান (সকল), ... .. প্রশাসন বিভাগ, বাউবি। সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের উক্ত ছুটি ভোগের হিসাব সংরক্ষণসহ বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণ-কে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৭. একান্ত সচিব-১/একান্ত সচিব-২, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতিসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটির হিসাব সংরক্ষণসহ সংশ্লিষ্টদের-কে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
৮. উপ-পরিচালক (কাউন্সিল), প্রশাসন বিভাগ, বাউবি। বিষয়টি পরবর্তী বিওজির সভায় রিপোর্ট করার জন্য অনুরোধ জানানো হলো।
৯. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতিসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটির হিসাব সংরক্ষণসহ সংশ্লিষ্টদের-কে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
১০. সহকারী পরিচালক, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতিসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণের ছুটির হিসাব সংরক্ষণসহ সংশ্লিষ্টদের-কে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ জানানো হলো।
১১. সংশ্লিষ্ট নথি।

২৭০৪  
২৪/০৫/১৭

২৪/০৫/১৭  
(মো: আব্দুল্লাহ আল কাস্কি)  
উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)